



**ওয়ার্ড এডুকেশন  
কংগ্রেস পুরস্কার  
পাচ্ছেন শিক্ষামন্ত্রী**

**যাযায়দিন রিপোর্ট**

শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ওয়ার্ড এডুকেশন কংগ্রেস (ডব্লিউইসি) অ্যাওয়ার্ডের জন্য মনোনীত হয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিন।

বৃহত্তর শিক্ষা মন্ত্রণালয় থেকে জানানো হয়, ডব্লিউইসির অ্যাওয়ার্ড অ্যান্ড একাডেমিক কমিটির চেয়ারম্যান অ্যাডওয়ার্ড শিব এক চিঠিতে পুরস্কার গ্রহণ ও ওয়ার্ড এডুকেশন কংগ্রেসে বক্তৃতা দেয়ার জন্য শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানান। শিক্ষাক্ষেত্রে নাহিনের অবদান ও নেতৃত্ব সুবিদিত উল্লেখ করে ওই চিঠিতে বলা হয়, শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ডব্লিউইসির জরি ও পরিচালনা পর্ষদের সদস্যরা শিক্ষামন্ত্রীকে 'অ্যাওয়ার্ড ফর আউটস্ট্যান্ডিং কন্ট্রিবিউশন টু এডুকেশন' এর জন্য মনোনীত করেছে।

আগামী ২৯ ও ৩০ জুন ভারতের মুম্বাইয়ে প্রথম ওয়ার্ড এডুকেশন কংগ্রেস হবে- যার মূল প্রতিপাদ্য 'লার্নিং ইন দি টোয়েন্টিফার্স্ট সেন্টুরি : রাইট অ্যান্ড একসেস টু এডুকেশন'। এতে বিভিন্ন দেশের খ্যাতনামা পণ্ডিত, গবেষক, শিক্ষক, শিক্ষাবিদ এবং শিক্ষামন্ত্রীর উপস্থিতি থাকবেন।